

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

## লেখক পরিচিতি

آل عمران

সূরা: 3 | নাযিলের ধরণ: মাদানী | আয়াত: 200

অধ্যাপিকা হোসনে আরা খান বগুরা জেলার এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। পিতা মরহুম ডাঃ নাসিমউদ্দীন সরকার ছিলেন উচ্চপদস্থ সরকারী কর্মকর্তা। মায়ের নাম মরহুমা মোসাম্মাৎ আনোয়ারা খাতুন। স্বামী মরহুম ড. আশরাফ আলী খান ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। ১৯৬০ সনে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রাণরসায়নে মাস্টার্স ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে যুক্তরাজ্যের কুইন্স ইউনিভার্সিটি থেকে ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রী লাভ করেন। রসায়নের অধ্যাপিকা হিসেবে জীবনের সুদীর্ঘকাল তিনি সরকারী কলেজের অধ্যাপনা করেছেন। অবসর গ্রহণের পর তিনি জীবনের সুদীর্ঘ অবসরকে কুরআন পাঠে নিয়োজিত করেন এবং লক্ষ্য করেন কুরআন শিক্ষার সাথে আমাদের জীবনের শিক্ষার পার্থক্য। ধর্মকে আবদ্ধ করা হয়েছে গুটিকতক আনুষ্ঠানিকতার মাঝে। ইসলামের প্রকৃত শিক্ষা ও ধ্যান ধারণা হারিয়ে গেছে সমাজ জীবন থেকে। কুরআনের যে বাণী মানব চরিত্রে হীরকের দ্যুতি দান করতে পারতো, সে বাণীকে জীবন থেকে বাদ দিয়ে সীমাবদ্ধ করে রাখা হয়েছে না বুঝে আরবীতে কুরআন পাঠের মাঝে। ফলে ধর্ম তার নিজস্ব স্বকীয়তা হারিয়ে আবদ্ধ হয়ে গেছে মসজিদের সীমাবদ্ধ সীমানার মাঝে। ফলশ্রুতিতে সমাজ ও জীবনে কুরআন শিক্ষার কোনও প্রতিফলন ঘটে নাই। কিন্তু ইসলাম হচ্ছে এক পরিপূর্ণ জীবন ব্যবস্থা। এই বোধ থেকে এই তাফসীর রচনার অনুপ্রেরণা। কুরআনের শিক্ষার আলোকে সমাজ সচেতনতার প্রয়াস করা হয়েছে তাফসীরে। বিখ্যাত ইসলামী চিন্তাবিদ ওস্তাদ আব্দুল্লাহ ইউসুফ আলীর বিখ্যাত তাফসীরকে অনুসরণ করা হয়েছে এই তাফসীরে। আল কুরআনের আলোকে মুনাফিকের পরিচয় গ্রহণের তিনি লেখিকা।

### শোক সংবাদ

কুর আনের আলোকে জীবনের পথচলা গ্রহণের লেখিকা হোসনে আরা খান আর আমাদের মাঝে নাই। তিনি ২১ শে ডিসেম্বর ২০২৫ সালে যুক্তরাজ্যের ডালাস শহরে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

মৃত্যুর পূর্বে তিনি আপনাদের সকলের দোয়া চেয়েছেন, যেন তার অনন্তের যাত্রাপথ হয় সহজ ও শান্তিময়। মহান করুণাময় আল্লাহ যেন তার সকল পাপ, দোষ ত্রুটি ক্ষমা করে দেন, তাঁর

আত্মকে পরিশুদ্ধ করে পুন্যাত্মাদের অন্তর্ভুক্ত করে নেন এবং তার সকল কর্মকে সংকর্ম হিসেবে পরিগণিত করেন। আল্লাহ যেন তার কবরের আজাব মাফ করে তাকে বেহেস্তে অধিষ্ঠিত করেন।  
"হে আমাদের প্রভু! আমরা তোমার ক্ষমা চাই। [জীবনের] সকল যাত্রাপথের সমাপ্তি তো তোমার কাছে এসে" [২:২৮৫] আল কুর আন